## সংবাদ বিজ্ঞপ্তি

# আজ শেষ হলো টিআইবি'র দুর্নীতিবিরোধী বিতর্ক ক্যাম্পের

### সুশাসন প্রতিষ্ঠা ও দুর্নীতি প্রতিরোধের প্রচেষ্টায় সক্রিয় অংশগ্রহণের অঙ্গীকার তরুণদের

*২৪ মার্চ ২০১১, ঢাকা:* ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (টিআইবি) দেশে প্রথমবারের মতো আয়োজন করলো দুর্নীতিবিরোধী বিতর্ক ক্যাম্পের। 'স্বাধীনতার গৌরবময় চল্লিশঃ চাই সুশাসন - দুর্নীতি প্রতিরোধ' শ্লোগান নিয়ে ২১ থেকে ২৪ মার্চ পর্যন্ত মানিকগঞ্জের কৈট্টায় অনুষ্ঠিত এ ক্যাম্পে অংশগ্রহণকারী দেশের ২০টি বিশ্ববিদ্যালয় ও কলেজে অধ্যয়নরত অর্ধশতাধিক তরুণ বিতার্কিক দেশে সুশাসন প্রতিষ্ঠা ও দুর্নীতি প্রতিরোধের প্রচেষ্টায় সক্রিয়ভাবে অংশগ্রহণের অঙ্গীকার ব্যক্ত করে।

টিআইবি'র নির্বাহী পরিচালক ড. ইফতেখারুজ্জামান ২১ মার্চ এ ক্যাম্পের উদ্বোধনকালে প্রতিভাবান এসব বিতার্কিকদের দুর্নীতিবিরোধী কার্যক্রমে বিতর্ক কিভাবে সহায়ক ও শক্তিশালী ভূমিকা পালন করতে পারে সে সম্পর্কে ধারণা প্রদান করেন। তিন দিনব্যাপি আয়োজিত এ ক্যাম্পে মূলত বিতর্কের বিভিন্ন বিষয়ের ওপর আলোকপাত করা হয়। এ ছাড়াও দুর্নীতিবিরোধী আইন ও মানবাধিকার, বিতর্কে জয়ী হওয়ার কৌশল, সংসদীয় ও বারোয়ারি বিতর্কের ধরন, উচ্চারণ ও বাচনভঙ্গী, তথ্য প্রযুক্তি, উন্নয়নের জন্য যোগাযোগ, ও তথ্য অধিকার আইন ইত্যাদি বিষয়ে সেশন অনুষ্ঠিত হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের সহযোগী অধ্যাপক রোবায়েৎ ফেরদৌস, সহকারী অধ্যাপক এ এস এম শামীম রেজা, ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের সহযোগী অধ্যাপক তুরীন আফরোজ, মানুষের জন্য ফাউন্ডেশনের কর্মসূচি ব্যবস্থাপক আরিফ হোসেন খান এবং আন্তর্জাতিক গণিত অলিম্পিয়াড এর ডেপুটি লিডার এ এ মুনীর হাসান এ বিতর্ক ক্যাম্পের প্রশিক্ষক হিসেবে উপস্থিত ছিলেন।

প্রশিক্ষণ পরবর্তী ক্যাম্পের তৃতীয় দিনে দুর্নীতিবিরোধী বারোয়ারি বিতর্ক প্রতিযোগিতার আয়োজন করা হয়। এতে দু'টি গ্রুপে শ্রেষ্ঠ বক্তা হিসেবে নির্বাচিত হন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্রী দিলশাদ নুর লিরা এবং নর্থ সাউথ ইউনিভার্সিটির অমিত রায়হান। অনুষ্ঠানে বিজয়ীদের পুরস্কার ও সকল অংশগ্রহণকারীকে সনদ প্রদান করা হয়। সন্ধ্যায় সাংস্কৃতিক অনুষ্ঠান ও দুর্নীতিবিরোধী শপথ গ্রহণের মধ্য দিয়ে সমাপ্তি ঘটে টিআইবি আয়োজিত এ ক্যাম্পের।

**গণমাধ্যম যোগাযোগঃ**

রিজওয়ান–উল–আলম
পরিচালক
আউটরিচ এন্ড কমিউনিকেশন
০১৭১৩০৬৫০১২